| ৩৪ | ৯৮০/২খ(২৬), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মিজানুর রহমান | সেমি-১৪৪ বর্গফুট | ১২৮০/- | |
| ৩৫ | ৯৮০/২খ(২৭), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | রেজাউল ইসলাম | সেমি-১৪৪ বর্গফুট | ১২৮০/- | |
| ৩৬ | ৯৮০/২খ(২৮), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | রিয়াজ উদ্দিন মিয়া | সেমি-১৪৪ বর্গফুট | ৬৪০/- | |
| ৩৭ | ৯৮০/২খ(২৯), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | হায়দার আলী | সেমি-১৪৪ বর্গফুট | ৬৪০/- | |
| ৩৮ | ৯৮০/২খ(৩৯), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মেহেরুন্নেছা | সেমি-১৪৪ বর্গফুট | ৮০০/- | |
| ৩৯ | ৯৮০/২খ(৪০), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মোঃ আক্কাস, দঃ এস এম আক্তার | সেমি-১৪৪ বর্গফুট | ১২৮০/- | |
| ৪০ | ৯৮০/২খ(৪১), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | আবুল হোসেন | সেমি-১৮০ বর্গফুট | ১২৮০/- | |
| ৪১ | ৯৮০/২খ(৪২), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | সোহরাব আলী | সেমি-১৮০ বর্গফুট | ১২৮০/- | |
| ৪২ | ৯৮০/২খ(৪৩), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | বাদশা সরদার | সেমি-২৮৮ বর্গফুট | ৪০০/- | |
| ৪৩ | ৯৮০/২খ(৪৪), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | ফজলুর রহমান | সেমি-১৪৪ বর্গফুট | ১১২০/- | |
| ৪৪ | ৯৮০/২খ(৫৫), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | দিলিপ কুমার দাস | সেমি-১৪৪ বর্গফুট | ৯৬০/- | |
| ৪৫ | ৯৮০/২খ(৫৬), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মোঃ ওয়াদুদ | সেমি-১৪৪ বর্গফুট | ৯৬০/- | |
| ৪৬ | ৯৮০/২খ(৫৭), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মাজেদ আলী | সেমি-১৪৪ বর্গফুট | ৯৬০/- | |
| ৪৭ | ৯৮০/২খ(৫৮), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | ফজলুর রহমান | সেমি-১৪৪ বর্গফুট | ৯৬০/- | |
| ৪৮ | ৯৮০/২খ(৫৯), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মুজিবর রহমান | সেমি-১৪৪ বর্গফুট | ৯৬০/- | |
| ৪৯ | ৯৮০/২খ(৬০), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | রেজাউল করিম | সেমি-১৪৪ বর্গফুট | ৯৬০/- | |
| ৫০ | ৯৮০/২খ(৬২), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | জহরুল ইসলাম | সেমি-১৪৪ বর্গফুট | ১১২০/- | |
| ৫১ | ৯৮০/২খ(৭২), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | কাজী আবু ইব্রাহিম | সেমি-১৪৪ বর্গফুট | ১১২০/- | |
| ৫২ | ৯৮০/২খ(৭৩), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মোঃ আমিরুল ইসলাম | সেমি-১৪৪ বর্গফুট | ৪০০/- | |
| ৫৩ | ৯৮০/২খ(৭৪), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | জয়নাল সরদার | সেমি-১৪৪ বর্গফুট | ৪০০/- | |
| ৫৪ | ৯৮০/২খ(৭৫), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | এ জে তালুকদার | সেমি-১৪৪ বর্গফুট | ১২৮০/- | |
| ৫৫ | ৯৮০/২খ(৭৬), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | নাসির উদ্দিন | সেমি-১৪৪ বর্গফুট | ৬৪০/- | |

| সিদ্ধান্ত | | | | | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৫৬ | ৯৮০/২খ(৭৭), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | কে এম জোবায়ের | সেমি-১৪৪ বর্গফুট | ৬৪০/- | রাজস্ব বিভাগ |
| ৫৭ | ৯৮০/২খ(৭৮), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | হারুন উর রশিদ | সেমি-১৪৪ বর্গফুট | ৮০০/- | |
| ৫৮ | ৯৮০/২খ(৮৯), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | রাফিজা শারমিন | সেমি-১৪৪ বর্গফুট | ১১২০/- | |
| ৫৯ | ৯৮০/২খ(৯০), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | বারেক পুলিশ | সেমি-১৪৪ বর্গফুট | ১১২০/- | |
| ৬০ | ৯৮০/২খ(৯১), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | সিদ্দিকুর রহমান | সেমি-১৪৪ বর্গফুট | ৯৬০/- | |
| ৬১ | ৯৮০/২খ(৯২), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মতি লাল সিংহ | সেমি-১৪৪ বর্গফুট | ৯৬০/- | |
| ৬২ | ৯৮০/২খ(৯৩), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | খন্দকার আশিকুর রহমান | সেমি-১৪৪ বর্গফুট | ১১২০/- | |
| ৬৩ | ৯৮০/২খ(৯৪), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | আবুল বাশার | সেমি-১৪৪ বর্গফুট | ১১২০/- | |
| ৬৪ | ৯৮০/২খ(৯৫), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মোঃ হাবিবুল্লাহ | সেমি-১৪৪ বর্গফুট | ১১২০/- | |
| ৬৫ | ৯৮০/২খ(৯৬), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | জহুরুল হক | সেমি-১৪৪ বর্গফুট | ১১২০/- | |
| ৬৬ | ৯৮০/২খ(১০৭), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মিজানুর রহমান দঃ শহিদুল ইসলাম | সেমি-১৪৪ বর্গফুট | ২৪০০/- | |
| ৬৭ | ৯৮০/২খ(১০৮), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মোসাঃ জাহানারা বেগম | সেমি-১৪৪ বর্গফুট | ৪০০/- | |
| ৬৮ | ৯৮০/২খ(১০৯), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | সেলিনা লতিফ | সেমি-১৪৪ বর্গফুট | ৯৬০/- | |
| ৬৯ | ৯৮০/২খ(১১০), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | জাহাঙ্গির আলম | সেমি-১৪৪ বর্গফুট | ৬৪০/- | |
| ৭০ | ৯৮০/২খ(১১১), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | শহিদুল ইসলাম | সেমি-১৪৪ বর্গফুট | ৬৪০/- | |
| ৭১ | ৯৮০/২খ(১১১/১), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | জাহাঙ্গির আলাম | সেমি-১৪৪ বর্গফুট | ৬৪০/- | |
| ৭২ | ৯৮০/২খ(১১২), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | রোজি রহমান | সেমি-১৪৪ বর্গফুট | ২৪০০/- | |
| ৭৩ | ৯৮০/২খ(১২৫), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | রাবেয়া বেগম | সেমি-২৮৮ বর্গফুট | ২০৮০/- | |
| ৭৪ | ৯৮০/২খ(১২৬), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | খায়রুন নাহার খুকু | সেমি-১৪৪ বর্গফুট | ১৭৬০/- | |
| ৭৫ | ৯৮০/২খ(১২৭), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মোঃ শামসুর জামান | সেমি-১৪৪ বর্গফুট | ৬৪০/- | |
| ৭৬ | ৯৮০/২খ(১২৮), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | রাবেয়া বেগম | সেমি-১৪৪ বর্গফুট | ১৭৬০/- | |
| ৭৭ | ৯৮০/২খ(১২৯), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | এ কে এম মাহাবুবুর রহমান | সেমি-১৪৪ বর্গফুট | ১৭৬০/- | |
| ৭৮ | ৯৮০/২খ(১৩০), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | ওয়াদুদ হাওলাদার | সেমি-১৪৪ বর্গফুট | ৮০০/- | |
| ৭৯ | ৯৮০/২খ(১৩১), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | মোঃ ফেরদাউসি আলী | সেমি-১৪৪ বর্গফুট | ৯৬০/- | |
| ৮০ | ৯৮০/২খ(১৩২), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | আকবর আলী | সেমি-১৪৪ বর্গফুট | ৮০০/- | |
| ৮১ | ৯৮০/২খ(১৩৩), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | বেলস্নাল দিং | সেমি-১৪৪ বর্গফুট | ৮০০/- | |
| ৮২ | ৯৮০/২খ(১৩৪), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | নুরুল ইসলাম | সেমি-১৪৪ বর্গফুট | ৮০০/- | |
| ৮৩ | ৯৮০/২খ(১৩৫), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | শিরিয়া বেগম | সেমি-১৪৪ বর্গফুট | ৪৮০/- | |
| ৮৪ | ৯৮০/২খ(১৩৬), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | এনামুল | সেমি-১৪৪ বর্গফুট | ৪৮০/- | |
| ৮৫ | ৯৮০/২খ(১৩৮), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | একরামুল কবির | সেমি-৪৩২ বর্গফুট | ১৪৪০/- | |
| ৮৬ | ৯৮০/২খ(১৩৯), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | ইলিয়াস মিয়া | সেমি-৪৩২ বর্গফুট | ১৪৪০/- | |
| ৮৭ | ৯৮০/২খ(১৪০), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | বাহার উদ্দিন | সেমি-২৮৮ বর্গফুট | ১৬০০/- | |
| ৮৮ | ৯৮০/২১১খ(১৪১), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | এ জে তালুকদার | সেমি-২৮৮ বর্গফুট | ৩৮৪০/- | |
| ৮৯ | ৯৮০/২খ(১৪২), যশোর রোড, রেলওয়ে কমার্শিয়াল মার্কেট | একরামুল কবির | সেমি-২৮৮ বর্গফুট | ১৬০০/- | |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮। গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | **জনাব মোঃ আজমুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)** কেসিসি, গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ উপস্থাপন করেন। তিনি আরো বলেন, সরকার ২০১৫ সালে গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি করেছে। বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনারকে সভাপতি করে বিভাগীয় কমিটি, জেলা পর্যায়ে জেলা প্রশাসক মহোদয়কে সভাপতি করে জেলা কমিটি এবং খুলনা সিটি কর্পোরেশন পর্যায়ে প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভাপতি করে কমিটি গঠন করা আছে। খুলনা সিটি কর্পোরেশন পর্যায়ে সম্মানিত কাউন্সিলরদের সহযোগিতা ছাড়া এ কার্যক্রম করা সম্ভব নয়। তাদের সহযোগিতায় একটি ডাটাবেজ তৈরি করতে হবে এবং এ কাজে একটি ফান্ড প্রয়োজন। পুলিশকে এ কাজের সহযোগিতার অনুরোধ করা হয়েছে। কমিউনিটি পুলিশের সাহায্যে গৃহকর্মীদের তালিকা করে সংশ্লিষ্ট থানায় জমা দিতে হবে। ওয়ার্ড পর্যায়েও কমিটি গঠন করে সরকারকে জানিয়ে দিতে হবে এবং এ কাজটি অবশ্যই করতে হবে।<br><br>**মাননীয় মেয়র মহোদয়** বলেন, স্বচ্ছল প্রত্যেক বাসা বাড়িতে কাজের লোক বা গৃহকর্মী আছে। দেশের বর্তমান প্রেক্ষাপটে কোথাও কোন সন্ত্রাসী কর্মকান্ড থাকবেনা। সেই উদ্দেশ্যে গৃহকর্মীদের তালিকা অবশ্যই প্রয়োজন। সরকারের নির্দেশনা মোতাবেক গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি-২০১৫ বাস্তবায়ন করার জন্য সিটি কর্পোরেশন পর্যায়ে সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর ও সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলরকে নিয়ে কমিটি গঠন এবং গৃহকর্মীদের তালিকা করার অভিমত ব্যক্ত করেন। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ বাস্তবায়ন করার জন্য নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:<br><br>(১) গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি-২০১৫ বাস্তবায়ন করার জন্য সিটি কর্পোরেশন পর্যায়ে প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভাপতি করে কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরকে ও সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলরকে নিয়ে ওয়ার্ড পর্যায়ে কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৩) সম্মানিত কাউন্সিলর এর সহযোগিতায় কমিউনিটি পুলিশকে নিয়ে ওয়ার্ডে গৃহকর্মীদের তালিকা প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৪) এতদসংক্রান্তে যাবতীয় কার্যক্রমের পদক্ষেপ গ্রহণের বিষয়টি সরকারকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা<br><br>প্রশাসনিক শাখা<br><br>প্রশাসনিক শাখা<br><br>প্রশাসনিক শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা |
|---|---|
| ৯। মহানগর পুলিশ আইন ২০২০ এর সাথে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অথবা সিটি কর্পোরেশনের নিজস্ব কোন আইন/বিধির কোন সাংঘর্ষিকতা আছে কি-না সে বিষয়ে উক্ত আইনের খসড়ার উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | **জনাব মোঃ আজমুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব),** কেসিসি, মহানগর পুলিশ আইন ২০২০ এর সাথে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অথবা সিটি কর্পোরেশনের নিজস্ব কোন আইন/বিধির কোন সাংঘর্ষিকতা আছে কি-না সে বিষয়ে উক্ত আইনের খসড়ার উপর আলোচনার বিষয়টি সভায় উপস্থাপন করেন। তিনি আরো বলেন, মহানগর পুলিশ আইন-২০২০ পাওয়ার পর কেসিসির কর্মকর্তাদের কাছে এর কপি দেয়া হয়। তারপর এটা সম্মানিত কাউন্সিলরদের বরাবরে প্রেরণ করা হয়েছে। সম্মানিত কাউন্সিলরগণের কয়েকজন এ বিষয়ে ফোনে আলাপ করেছেন। এ সংক্রান্ত বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হয়েছে। সার্বিক বিষয় বিবেচনা করে তিনি এ বিষয়ে একটা কমিটি গঠন করে দেয়ার প্রস্তাব করেন, উক্ত কমিটি বিষয়টি উপস্থাপন করবে এবং এ বিষয়ে বিশদ আলোচনা প্রয়োজন। উক্ত কমিটিতে মেয়র প্যানেলের ২/১ জন সদস্য, কেসিসি'র সচিব, বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ও আইন উপদেষ্টাকে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে প্রস্তাব পেশ করেন।<br><br>**জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু, মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৫,** কেসিসি বলেন, এটা একটা অনেক বড় বিষয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা প্রয়োজন বিধায় তিনি এ বিষয়ে একটা বিশেষ সভা আহবানের অভিমত ব্যক্ত করেন।<br><br>**জনাব মোঃ আলী আকবর, মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৫** কেসিসি, এ বিষয়ে বিশেষ সভা আহবান করে এ সম্পর্কে বিশদ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করার মতামত ব্যক্ত করেন। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **মেয়র মহোদয়**-মহানগর পুলিশ আইন-২০২০ বাস্তবায়নের জন্য খুলনা সিটি কর্পোরেশনে নিম্নে বর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে নিম্নরূপ কমিটি গঠন এবং বিশেষ সভা আহবান করে বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অভিমত ব্যক্ত করেন :<br><br>**কমিটি :**<br>(১) জনাব মোঃ আমিনুল ইসলাম (মুন্না), মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৫, কেসিসি।<br>(২) জনাব মোঃ আলী আকবর, মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৫, কেসিসি।<br>(৩) জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু, মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৫, কেসিসি।<br>(৪) জনাব মোঃ শামসুজ্জামান মিয়া স্বপন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২১, কেসিসি।<br>(৫) জনাব শেখ হাফিজুর রহমান হাফিজ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭, কেসিসি।<br>(৬) জনাব মোঃ আনিছুর রহমান বিশ্বাস, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬, কেসিসি।<br>(৭) জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব), কেসিসি।<br>(৮) জনাব নাজিবুল আলম, বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, কেসিসি।<br>(৯) বিজ্ঞ আইন উপদেষ্টা, কেসিসি।<br>(১০) জনাব মোঃ এজাজ মোর্শেদ চৌধুরী, প্রধান প্রকৌশলী, কেসিসি।<br>(১১) জনাব মোঃ নূরুজ্জামান তালুকদার, এস্টেট অফিসার, কেসিসি। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে মহানগর পুলিশ আইন-২০২০ এর সাথে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন-২০০৯ অথবা সিটি কর্পোরেশনের নিজস্ব কোন আইন/বিধির কোন সাংঘর্ষিক আছে কি-না সে বিষয়ে উক্ত আইনের খসড়ার উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য একটি বিশেষ সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে বাস্তবায়নের জন্য নিম্নে বর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে কমিটি গঠন করারও সিদ্ধান্ত গৃহীত হয়:<br><br>**কমিটি :**<br>(১) জনাব মোঃ আমিনুল ইসলাম (মুন্না), মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৫, কেসিসি।<br>(২) জনাব মোঃ আলী আকবর, মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৫, কেসিসি।<br>(৩) জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু, মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৫, কেসিসি।<br>(৪) জনাব মোঃ শামসুজ্জামান মিয়া স্বপন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২১, কেসিসি।<br>(৫) জনাব শেখ হাফিজুর রহমান হাফিজ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭, কেসিসি।<br>(৬) জনাব মোঃ আনিছুর রহমান বিশ্বাস, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬, কেসিসি।<br>(৭) জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব), কেসিসি।<br>(৮) জনাব নাজিবুল আলম, বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, কেসিসি।<br>(৯) বিজ্ঞ আইন উপদেষ্টা, কেসিসি।<br>(১০) জনাব মোঃ এজাজ মোর্শেদ চৌধুরী, প্রধান প্রকৌশলী, কেসিসি।<br>(১১) জনাব মোঃ নূরুজ্জামান তালুকদার, এস্টেট অফিসার, কেসিসি। | প্রশাসনিক শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১০। মাদক বিরোধী প্রচার প্রচারনায় জনপ্রনিধিদের সম্পৃক্তকরণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | **জনাব মোঃ আজমুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)** কেসিসি, মাদক বিরোধী প্রচার প্রচারনায় জনপ্রনিধিদের সম্পৃক্তকরণ সংক্রান্ত বিষয়টি সভায় উপস্থাপন করেন।<br><br>**জনাব মোঃ আলী আকবর, মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৫** কেসিসি বলেন, খুলনা শহরে মাদকে সয়লাব হয়ে গেছে। মাদক বিষয়ে প্রশাসন যদি কোন ব্যবস্থা বা সিদ্ধান্ত না নেন তবে তারা এ বিষয়ে কোন কথা বলবেন না। এলাকায় মাদক ব্যবসায়ীদের তালিকা করতে হবে এবং মাদকের ব্যবসা কেউ করতে পারবে না। মাদক ব্যবসায়ীর বাবা-মাকে আগে বলা হবে। তারপর তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। পুলিশ ইচ্ছা করলে মাদক বন্ধ করতে পারে। পুলিশ পারে না এমন কোন কাজ নেই।<br><br>**মাননীয় মেয়র মহোদয়** বলেন, মাদক বিষয়ে জনপ্রতিনিধি হিসেবে এলাকার সুশীল সমাজকে নিয়ে ওয়ার্ড কাউন্সিলরকে সভা করতে হবে এবং এ বিষয়ে কোন আপোষ নেই। মাদক ব্যবসায়ীদের তালিকা করে তাদেরকে কঠিনভাবে অবশ্যই ধরতে হবে। মাদক প্রতিরোধে সম্মানিত কাউন্সিলরকে সভাপতি করে কমিটি গঠন করার অভিমত ব্যক্ত করেন। | **বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**<br><br>(১) জনপ্রতিনিধি হিসেবে সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরকে সভাপতি করে ওয়ার্ড মাদক প্রতিরোধ কমিটি গঠন এবং পুলিশিং কমিটির সদস্যদের সহযোগিতায় তালিকা প্রস্তুত পূর্বক মাদক বিরোধী প্রচারণাসহ এলাকায় মাদক ব্যবসা বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা |
|---|---|
| ১১। পূর্ত্ত বিভাগের কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় এবং দাতা সংস্থার বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে একজন সহকারী নগর পরিকল্পনাবিদ (খন্ডকালীন) ও একজন আই.টি ম্যানেজার (খন্ডকালীন) নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | **জনাব মোঃ আজমুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)** কেসিসি, পূর্ত্ত বিভাগের কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় এবং দাতা সংস্থার বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে একজন সহকারী নগর পরিকল্পনাবিদ (খন্ডকালীন) ও একজন আই.টি ম্যানেজার (খন্ডকালীন) নিয়োগের বিষয়টি সভায় উপস্থাপন করেন।<br><br>**জনাব আশফাকুর রহমান (কাকন), সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯,** কেসিসি, গত ১২তম সাধারণ সভায় তার ওয়ার্ডে দীর্ঘদিন যাবত জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারী নাই বিধায় একজন জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারী পাবার জন্য আবেদন জানানো হয়েছিল। কিন্তু সে বিষয়ে কোন সিদ্ধান্ত আসে নাই। এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য তিনি অনুরোধ করেন।<br><br>**জনাব কাজী তালাত হোসেন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১০** কেসিসি, তার ওয়ার্ডেও জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারী নাই। তিনি ঐ পদে একজন প্রশিক্ষত লোক দেয়ার অনুরোধ জানান।<br><br>**জনাব মোঃ আলী আকবর, মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৫** কেসিসি বলেন, জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারী বেশির ভাগই অসৎ। তারা টাকা নিয়ে এ কাজ করে। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **জনাব মোঃ শামসুজ্জামান মিয়া স্বপন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২১** কেসিসি বলেন, সহকারী নগর পরিকল্পনাবিদ এবং আই.টি ম্যানেজার নিয়োগ দেয়া হচ্ছে বিধায় তিনি মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো বলেন, পূর্ত বিভাগের কাজে এস্টিমেট করার বিষয়ে দারুন সমস্যা হয় এবং যথেষ্ট দূর্বলতা পরিলক্ষিত হয়। তাই তিনি খন্ডকালীন ২(দুই) জন বিএসসি ইঞ্জিনিয়ারকে এস্টিমেটর হিসেবে নিয়োগ দেয়ার প্রস্তাব করেন।<br><br>**মাননীয় মেয়র মহোদয় বলেন,** আসলে কেসিসি'র জনবল অভাব আছে। সাবেক মেয়র শেখ তৈয়েবুর রহমান এর আমলে বিভিন্নভাবে চাকুরি নিয়েছিল। মানবিক কারণে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ৩/৪টি বিদেশী টিম বিভিন্ন সময়ে অর্থ দিয়ে খুলনা সিটি কর্পোরেশনের কাজে সহযোগিতা করেছে এবং তারা খুলনার উন্নয়নের জন্য বিভিন্নভাবে প্রতিশ্রুতি দিয়েছে। কেসিসি'র প্রকল্পগুলো প্রয়োজন কিনা তারা তা দেখেছে বা পরিদর্শন করেছে। প্রকল্পের একটা সাইডও তারা পরিদর্শন করতে বাদ দেয়নি। কেসিসি'র প্রকল্প বিষয়ে মোটামুটি একটা পর্যায়ে আছে। তাই প্রকল্পগুলো DPP প্রণয়ন ও বাস্তবায়ন করতে হলে এখনি লোক নিয়োগ দেয়া প্রয়োজন। কিন্তু স্বাভাবিকভাবে লোক নেয়া যাচ্ছে না। তাই একজন সহকারী নগর পরিকল্পনাবিদ হিসেবে খন্ডকালীন লোক নিতে হবে। এছাড়া আই.টি সেক্টরে কাজের ব্যাপকতা বৃদ্ধি পাওয়ায় একজন সহকারী আই.টি ম্যানেজার খন্ডকালীন নিয়োগ দেয়ার অভিমত ব্যক্ত করেন। তিনি আইটি ম্যানেজারের অধীনে কাজ করবে। তিনি আরো বলেন, অসৎ লোক জন্ম-মৃত্যু নিবন্ধন কাজে রাখার দরকার নেই। যে সব ওয়ার্ডে জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারি নাই, সেখানে আউট সোর্সিং এর মাধ্যমে জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারী হিসেবে দক্ষ লোক নিয়োগ দেয়ার ব্যবস্থা করা হবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br><br>(১) পূর্ত বিভাগের কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় এবং দাতা সংস্থার বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে একজন সহকারী নগর পরিকল্পনাবিদ (খন্ডকালীন) এবং একজন সহকারী আইটি ম্যানেজার (খন্ডকালীন) নিয়োগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) যে সব ওয়ার্ডে জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারী নাই আউট সোর্সিং এর মাধ্যমে সে সব ওয়ার্ডে জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারী নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা<br><br>প্রশাসনিক শাখা |
| | | |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১২। শেখ রাসেল দিবস ২০২১ ও দুই অঞ্চলে (খুলনা ও খালিশপুর অঞ্চল) পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) ২০২১ উদযাপন উপলক্ষে ব্যয়কৃত টাকা অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | **জনাব মোঃ আজমুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)** কেসিসি, শেখ রাসেল দিবস ২০২১ ও দুই অঞ্চলে (খুলনা ও খালিশপুর অঞ্চল) পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) ২০২১ উদযাপন উপলক্ষে ব্যয়কৃত টাকা অনুমোদনের বিষয়টি সভায় উপস্থাপন করেন। তিনি আরো বলেন, এখন থেকে প্রতি বছর শেখ রাসেল দিবস পালন করতে হবে।<br><br>**মাননীয় মেয়র মহোদয়** এবং উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ শেখ রাসেল দিবস ২০২১ এবং দুই অঞ্চলে (খুলনা ও খালিশপুর অঞ্চল) পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) ২০২১ উদযাপন উপলক্ষে ব্যয়কৃত টাকা অনুমোদনে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে শেখ রাসেল দিবস ২০২১ এবং দুই অঞ্চলে (খুলনা ও খালিশপুর অঞ্চল) পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) ২০২১ উদযাপন উপলক্ষে ব্যয়কৃত টাকা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব বিভাগ ও শিক্ষা ও সাংস্কৃতিক শাখা |
| ১৩। বিবিধ-১: | **জনাব মোঃ আজমুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)** কেসিসি বলেন, স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রত্যেক বিভাগের একটি বার্ষিক প্রতিবেদন থাকবে। প্রত্যেক বছরের বার্ষিক প্রতিবেদনে কি কি কাজ করা হয় বিশেষ করে স্পেশাল কাজগুলো বার্ষিক প্রতিবেদনে উল্লেখ থাকবে। এ বিষয়ে তিনি ইতোপূর্বে মাননীয় মেয়র মহোদয়ের সাথে আলোচনা করেছেন এবং এটা সাধারণ সভায় অনুমোদনের প্রয়োজন।<br><br>**মাননীয় মেয়র মহোদয়** স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতি বছর কেসিসি'র বার্ষিক প্রতিবেদন তৈরি করা এবং প্রস্তুতকৃত এ প্রতিবেদন সাধারণ সভায় অনুমোদনের জন্য অভিমত ব্যক্ত করেন। | **বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**<br><br>(১) প্রতি বছর খুলনা সিটি কর্পোরেশন এর বার্ষিক প্রতিবেদন প্রস্তুত পূর্বক সাধারণ সভায় অনুমোদন সাপেক্ষে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ত বিভাগ |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| বিবিধ-২: | **জনাব আশফাকুর রহমান (কাকন), সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯** কেসিসি, মৎস্য শিকারীরা ঠিকমত মাছ ধরতে না পারায় কিছু টাকা ফেরত দেয়ার জন্য মৎস্য শিকার কমিটির আহবায়ক ও প্যানেল মেয়র জনাব মোঃ আলী আকবর এর মাধ্যমে মাননীয় মেয়র মহোদয়ের নিকট বিশেষ বিবেচনা করার জন্য অনুরোধ জানিয়েছেন।<br><br>**জনাব মোঃ আলী আকবর, মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৫,** কেসিসি বলেন, প্রথম দিনে মৎস্য শিকারীরা মাছ পায়। প্রথমে ৩০/৩৫ হাজার টাকায় মাছ ধরার টিকিট দেয়ার কথা হয়। পর্যাপ্ত মাছ পাওয়া যাবে পরে তারই প্রস্তাবে এ আশায় ৫০,০০০/-টাকা টিকিট ধার্য করা হয়। দ্বিতীয় দিনে মাছ বেশি না পাওয়ায় একটা ঘাটে দুইটি করে সেট ফেলানো হয়। এক কেজি টোপ কিনতে ২,৫০০/-টাকা লাগে। তিন কেজি টোপ তারা ৭,৫০০/-টাকায় কিনেছেন। এমতাবস্থায় তিনি তাদেরকে অন্তত: ১৫,০০০/-টাকা ফেরত দেয়ার প্রস্তাব করেন।<br><br>**জনাব জেড,এ মাহমুদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৭** কেসিসি বলেন, মৎস্য শিকারের জন্য টিকিট বিক্রি বাবদ কেসিসিতে জমাকৃত টাকা ফেরত হবে না।<br><br>**মাননীয় মেয়র মহোদয়** বলেন, শহীদ হাদিস পার্কের পুকুলে মাছ ভরা ছিল বিধায় চাহিদা অনুযায়ী মাছ শিকার করার জন্য ৫০,০০০/-টাকা করে টিকিট বিক্রি করা হয়েছে। টিকিট বিক্রিত উক্ত টাকা কেসিসি'র ফান্ড থেকে কোন ক্রমেই ফেরত দেয়া সম্ভব নয়। মৎস্য শিকারীরা ঠিকমত মাছ ধরতে না পারায় তাদের দিকটা বিবেচনা করে খুলনার মানুষের স্বার্থে শুক্রবার একদিন ফ্রি মাছ ধরার সুযোগ দেয়া হবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। | **বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**<br><br>(১) শহীদ হাদিস পার্কের পুকুরে মৎস্য শিকারীরা টিকিটের মাধ্যমে মৎস্য শিকারে তেমন মাছ ধরতে না পারায় খুলনার মানুষের দিকটা বিবেচনা করে তাদেরকে শুক্রবার একদিন ফ্রি মৎস্য শিকার করার সুযোগ দানের সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ |
| বিবিধ-৩: | **জনাব শেখ শামসুদ্দিন আহম্মেদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৬** কেসিসি বলেন, বি এল কলেজ রোড একেবারে ভেঙ্গে গেছে এবং রাস্তার জায়গা অনেকটা বেদখল হয়ে গেছে। তিনি নিজে উপসহকারী প্রকৌশলীকে ডেকে নিয়ে এস্টেট অফিসারকে রাস্তার মাপ দিয়ে চিহ্নিত করে দেয়ার কথা বলেছেন। মাপ দিয়ে রেলের জায়গাটা চিহ্নিত করে দেয়ার জন্য তিনি অনুরোধ জানান।<br><br>**মাননীয় মেয়র মহোদয়** বলেন, বিএল কলেজ রোডের সীমানা পরিমাপ করে রাস্তার জায়গা ঠিক করে দেয়া হবে মর্মে অভিমত ব্যক্ত করেন। | **বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**<br><br>(১) বি এল কলেজ রোডে পরিমাপ করে রাস্তার সীমানা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ |

| আলোচ্যসূচি | আলোচনা |
|---|---|
| বিবিধ-৪: | **জনাব মাহমুদা বেগম, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৭** কেসিসি বলেন, রেন্ট-এ কার ব্যবসায়ীরা কেডিএ এভিনিউ রোডে ষাট গম্বুজ মসজিদ মডেল এর ধারে রাস্তার পাশে গাড়ী রেখে ব্যবসা করে। গাড়ীগুলো রাস্তার উপর থেকে সরানোর ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান।<br><br>**জনাব মোঃ আলী আকবর, মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৫** কেসিসি বলেন, রাতের বেলা চুরি করে বড় বড় ট্রাক শহরের ভিতরের রোডে ঢোকে, এটা বন্ধ করা দরকার।<br><br>**জনাব মোঃ গোলাম মাওলা শানু, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৬** কেসিসি বলেন, তার ওয়ার্ডসহ প্রত্যেকটা ওয়ার্ডে রাস্তার উপর গাড়ী রাখে। যে টাকা দেয় পুলিশ তার গাড়ী রাখতে দেয়, আর যে টাকা দেয় না তার গাড়ী রাখতে দেয় না।<br><br>**জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু, মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৫** কেসিসি বলেন, দিনের বেলায়ও ওভার লোড গাড়ী শহরের বিভিন্ন জনগুরুত্বপূর্ণ রোডে প্রবেশ করে।<br><br>**জনাব মোঃ আনিসুজ্জামান মাসুদ, নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ,** খুলনা বলেন, খুলনা শহরে যশোর রোড অর্থাৎ ডাকবাংলা থেকে আফিল গেট পর্যন্ত ফোরলেন রাস্তার জায়গা আছে। এ প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর ও মন্ত্রণালয়ের নির্দেশে একনেকে অনুমোদন আছে। এটা এন-সেভেন অর্থাৎ জাতীয় মহাসড়ক হবে। ফ্লাইওভার বা ফুটওভার ব্রীজ দৃষ্টি নন্দন করার জন্য ফিজিবিলিটি স্ট্যাডি করা হচ্ছে। কিছু জায়গায় Six-Lane হবে। প্রথমে ডিমার্গেশন লাইন করা হবে। জেলা প্রশাসক, মাননীয় মেয়র মহোদয় এবং কেডিএ'র প্রতিনিধি চাওয়া হয়েছে। আন-অথোরাইজড স্টাবলিশমেন্ট সেগুলো রোড করা হবে। সম্মানিত কাউন্সিলরবৃন্দ এ সভায় উপস্থিত আছেন বিধায় তাদের জ্ঞাতার্থে এ ম্যাসেজ দেয়া হলো মর্মে তিনি উল্লেখ করেন।<br><br>**জনাব মোঃ আলী আকবর, মেয়র প্যানেলের সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৫** কেসিসি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর বড় বড় পরিকল্পনা নিয়ে রাষ্ট্র এগিয়ে যাচ্ছে। খুলনা সিটি কর্পোরেশন এলাকায় যেসব প্রকল্পের অনুমোদন পূর্ব থেকে করিয়ে রাখা হয়েছে, বর্তমানে সেগুলোর মধ্যে আওয়ামী লীগ সরকারের আমলে সড়কপথগুলো বাস্তবায়ন হচ্ছে বিধায় সড়ক ও জনপথ যথেষ্ট কাজ করছেন। এগুলো ১০০ বছরের পরিকল্পনা নিয়ে করা উচিত। এখন অর্থ নষ্ট করার সুযোগ নেই। ডিজিটাল পদ্ধতি নির্বাহী প্রকৌশলীর হাতের মধ্যে রয়েছে। তাই প্রকল্পগুলো যাতে সর্বোচ্চ দৃষ্টিনন্দন হয় তিনি সেদিকে খেয়াল রাখার অনুরোধ করেন।<br><br>**জনাব মোঃ শামসুজ্জামান মিয়া স্বপন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২১** কেসিসি, খানজাহান আলী রোড যেটা রূপসা ব্রীজ হতে শুরু রাস্তাটির অবস্থা খুবই খারাপ এবং রাস্তাটি আরো একটু চওড়া করা যায় কিনা ভেবে দেখার অনুরোধ জানান। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **মাননীয় মেয়র মহোদয়** বলেন, খুলনা-যশোর রোডে ডাকবাংলা থেকে আলিম জুট মিল পর্যন্ত ছয় লেন রাস্তা করার জন্য ইতোমধ্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। দৌলতপুর নতুন রাস্তা হতে বেবি স্ট্যান্ড এর ডানপাশে রেলওয়ে অথবা সড়ক ও জনপথের জায়গা ভাঙাচোরা অনেক। দৌলতপুর বেবী স্ট্যান্ড এর সামনে আকাঙ্ক্ষা টাওয়ার আছে। এর অবস্থা খারাপ হবে। ওই সব এলাকায় রাস্তার পাশে চায়ের দোকানে বসে ইমারত উচ্ছেদ করার বিষয়ে প্রস্তুতি নেয়ার জন্য জনগণকে জানাতে হবে। যশোর রোডের গুরুত্বপূর্ণ জায়গায় যেখানে প্রয়োজন সেখানেই তিনি দৃষ্টিনন্দন ফ্লাইওভার ব্রিজ করার পরামর্শ প্রদান করেন। তিনি রূপসা ব্রিজের বাইপাস সড়ক পারচেজ কমিটিতে অনুমোদন হয়েছে বলে সুখবর জানান। তিনি আরো বলেন, খুলনা সিটি কর্পোরেশনের রাস্তার উপর রেন্ট-এ কারসহ যত গাড়ী রেখে ব্যবসা করে সবগুলো গাড়ীর ট্যাক্স ধার্য করার অভিমত ব্যক্ত করেন। খুলনা শহরে প্রায় ৩০টি পুকুর পাওয়া গেছে। খুলনার পরিবেশ ঠিক রাখাসহ স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখার জন্য কোন পুকুর লীজ দেয়া হবে না। দাতা সংস্থারা পুকুরগুলো পরিদর্শন করেছেন। খুলনার সৌন্দর্য বর্ধনের জন্য এবং নতুন আধুনিক খুলনা গড়ার জন্য তিনি বিভিন্ন দপ্তরের প্রতিনিধিদের পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন। | **বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**<br><br>(১) রেন্ট-এ কার সহ সকল প্রকার ব্যবসার গাড়ী খুলনা সিটি কর্পোরেশনের রাস্তার উপর রেখে ব্যবসা করলে, সেই গাড়ীর ট্যাক্স ধার্য্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া সিটি কর্পোরেশন এলাকায় কোন পুকুর লীজ দেয়া হবেনা মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সরকারি বিভিন্ন দপ্তর থেকে আগত প্রতিনিধিবৃন্দ অত্র সভায় উপস্থিত হওয়ার জন্য তিনি তাদেরসহ উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্মারক নং-কেসিসি/সেঃবিঃ/সাঃপ্রঃশাঃ/।।।-৩৬১(৫)/২১-১৯ ৯৭ তারিখ ২৭/১২/২১

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মেয়র প্যানেলের সদস্য/সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং-....., খুলনা সিটি কর্পোরেশন।
২। সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং-....., খুলনা সিটি কর্পোরেশন।

তালুকদার আব্দুল খালেক
মেয়র
খুলনা সিটি কর্পোরেশন।

স্মারক নং-কেসিসি/সেঃবিঃ/সাঃপ্রঃশাঃ/।।।-৩৬১(৫)/২১-১৯৯৭ (৭) তারিখ- ২৭/১২/২১

অনুলিপি সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। .....
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৪। বিভাগীয় প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৫। শাখা প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৬। সি.এ টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন।
৭। সংশ্লিষ্ট নথি।

তালুকদার আব্দুল খালেক
মেয়র
খুলনা সিটি কর্পোরেশন।